



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

কমিশনারের কার্যালয়

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা

প্লট # ২ ও ৪, ব্লক-এ, রোড নং-১, মিরপুর-১১, ঢাকা-১২১৬।

[www.vatdhakawest.gov.bd](http://www.vatdhakawest.gov.bd)



নথি নং- ০৮.০১.২৬৪৮.১০৭.২৪.৫২৭.১৯/২৭৫০

তারিখঃ ০৫/০৭/২০২৬ খ্রিস্টাব্দ

অফিস স্মারক

কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট কমিশনারেট, ঢাকা (পশ্চিম), ঢাকা-এর অধিক্ষেত্রাধীন আলহাজ্ব করিম টেক্সটাইল লিমিটেড (বিন-০০০৪৪৭৯৫২-০৪০৪), কালামপুর, ধামরাই, ঢাকা নামীয় প্রতিষ্ঠানটি ১০০% রপ্তানিকারক প্রতিষ্ঠান। অভ্যন্তরীণ সম্পদ বিভাগ এর এস.আর.ও নং-১৮৮-আইন/২০১৯/৪৫-মূসক, তারিখঃ ১৩/০৬/২০১৯ এবং জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মূসক/২০১৯ তারিখঃ ২৬/০৯/২০১৯ মোতাবেক উক্ত প্রতিষ্ঠানের ব্যবহৃত বিদ্যুৎ বিলের বিপরীতে নির্ধারিত মূল্য সংযোজন কর (মূসক) নিম্নে উল্লিখিত শর্ত সাপেক্ষে অব্যাহতি প্রদান করা হলো :

প্রতিষ্ঠানের নাম, ঠিকানা ও বিআইএন	অব্যাহতিপ্রাপ্ত পণ্য/সেবা	সংশ্লিষ্ট কোড	পণ্য উৎপাদনকার্যে ব্যবহৃত মিটার নম্বর	হিসাব নং	অব্যাহতির হার
(১)	(২)	(৩)	(৪)	(৫)	(৬)
আলহাজ্ব করিম টেক্সটাইল লিমিটেড (বিন-০০০৪৪৭৯৫২-০৪০৪)	বিদ্যুৎ বিতরণকারী	এস০৫৭.০০	২৪০৩০৯০০০১১২	১০৭১০৮৯৩০১২১০	১০০%

শর্তসমূহ:

- কোনো ক্ষেত্রেই রপ্তানিকারক প্রতিষ্ঠানের কারখানা বা উৎপাদনস্থল ভিন্ন কোন অফিসে ব্যবহৃত সেবার ক্ষেত্রে মূসক অব্যাহতি প্রযোজ্য হবে না;
- একই মিটার যদি একাধিক প্রতিষ্ঠান ব্যবহার করে যার প্রত্যেকটি প্রতিষ্ঠান রপ্তানি পণ্য উৎপাদন করেনা, তাহলে বিদ্যুৎ বিলের উপর প্রযোজ্য মূসক পরিশোধ করতে হবে। অর্থাৎ এ ক্ষেত্রে মূসক অব্যাহতি প্রযোজ্য হবে না;
- মূসক অব্যাহতির সুবিধাভোগী প্রতিষ্ঠান প্রতি কর মেয়াদের মূসক দাখিলপত্রের (ফরম মূসক-৯.১) সাথে এক্ষেত্রে অব্যাহতি প্রদত্ত মূসক সংশ্লিষ্ট তথ্য উল্লিখিত সাধারণ আদেশের পরিশিষ্ট-ক এ বর্ণিত ছকে বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসনের প্রমাণপত্র Proceeds Realization Certificate (PRC) সহ করমেয়াদ পরবর্তী মাসের ১৫ (পনের) তারিখের মধ্যে কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, ধামরাই সার্কেল, ধামরাই দাখিল করবেন;
- মূসক অব্যাহতি সুবিধাভোগী প্রতিষ্ঠানের ক্ষেত্রে তথ্য যাচাইপূর্বক বৈদেশিক মুদ্রা প্রত্যাবাসন বিষয়ে বা অন্য কোন বিষয়ে অসামঞ্জস্যতা পাওয়া গেলে আইনানুগ পন্থায় অব্যাহতি সুবিধা বাতিল করা হবে; এবং
- আলোচ্য মূসক অব্যাহতি বিদ্যুৎ মিটার নম্বর- ২৪০৩০৯০০০১১২, তারিখঃ জুলাই/২০২৬ খ্রিঃ হতে প্রযোজ্য হবে।
- মূল্য সংযোজন কর ও সম্পূরক শুল্ক আইন, ২০১২ এর ধারা-৯০ (ক) অনুযায়ী বার্ষিক নিরীক্ষিত আর্থিক বিবরণী এ দপ্তরে দাখিল করতে হবে।

০/৮

০৫/০৭/২০২৬  
(কাজী ফরিদ উদ্দীন)

কমিশনার

ফোনঃ +৮৮০-০২-৪১০০২৬৫৯

ই-মেইলঃ dhakawestcom@gmail.com

ব্যবস্থাপনা পরিচালক

আলহাজ্ব করিম টেক্সটাইল লিমিটেড

কালামপুর, ধামরাই, ঢাকা।

(বিন-০০০৪৪৭৯৫২-০৪০৪)

অনুলিপি সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যক্রমের জন্য প্রেরণ করা হলো :

- ০১। দ্বিতীয় সচিব (মুসক পরিঃ ও প্রত্যাৰ্পণ), জাতীয় রাজস্ব বোর্ড, পুট# এফ ১/এ. আগারগাঁও, শের-ই-বাংলা নগর, ঢাকা-১২০৭।
- ০২। চেয়ারম্যান, বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড, নিকুঞ্জ-২, জোয়ার সাহারা, খিলক্ষেত, ঢাকা-১২২৯।
- ০৩। জেনারেল ম্যানেজার, ঢাকা পল্লী বিদ্যুৎ সমিতি-৩, কালামপুর জোনাল অফিস, ধামরাই।
- ০৪। বিভাগীয় কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, ধামরাই বিভাগ [ তাঁকে জাতীয় রাজস্ব বোর্ডের সাধারণ আদেশ নং-২০/মুসক/২০১৯ তারিখঃ ২৬/০৯/২০১৯খ্রিঃ এ মোতাবেক কার্যক্রম গ্রহণপূর্বক প্রতি করমেয়াদের পরবর্তী মাসের ১৫ তারিখের মধ্যে এ দপ্তরে প্রতিবেদন প্রেরণ ও প্রতিষ্ঠানটির কার্যক্রমের প্রতি বিশেষ নজর রাখার জন্য বলা হলো।
- ০৫। রাজস্ব কর্মকর্তা, কাস্টমস, এক্সাইজ ও ভ্যাট, ধামরাই সার্কেল, ধামরাই। [তাঁকে প্রতিষ্ঠানটির রপ্তানী কার্যক্রম মনিটরিং করে সাধারণ আদেশ নং-২০/মুসক/২০১৯ তারিখঃ ২৬/০৯/২০১৯ খ্রিঃ এর পরিশিষ্ট-খ মোতাবেক প্রতিবেদন যথাসময়ে বিভাগীয় দপ্তরে প্রেরণ করার জন্য বলা হলো। প্রয়োজনীয় মনিটরিং এর ব্যর্থতার জন্য রাজস্ব কর্মকর্তা ও এলাকা কর্মকর্তা দায়ী থাকবেন।



(মোঃ শফিকুল ইসলাম)  
সহকারী কমিশনার (চঃদা)

০/৮